গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা (সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

**বিষয়: ১৮ অক্টোবর ২০২২ "শেখ রাসেল দিবস" উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: মোস্তফা কামাল<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : | ০৩ অক্টোবর ২০২২ |
| সময় | : | সকাল ১০:০০ টা |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত করে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর জন্মদিন উপলক্ষ্যে তাঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন এবং ১৫ আগস্ট ১৯৭৫-এর সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন) সভার কার্যপত্র এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ১০-০৮-২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। তিনি সভায় জানান যে শেখ রাসেল এর জন্মদিন উপলক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/প্রতিষ্ঠান স্ব-স্ব অনুষ্ঠানসূচি প্রণয়ন করবে এবং কেন্দ্রীয়ভাবে উক্ত অনুষ্ঠানসমূহ সমন্বয়ের জন্য মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর বরাবর প্রেরণ করার নির্দেশনা রয়েছে। এক্ষেত্রে নৌপরিবহন মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর-সংস্থাসমূহের কর্মসূচি চূড়ান্ত করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করা হবে। শেখ রাসেল দিবস এর মূল প্রতিপাদ্য: **"শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস অদম্য আত্মবিশ্বাস"**

সভাপতির আহবানে শেখ রাসেল দিবস পালনের লক্ষ্যে সম্ভাব্য কর্মসূচি সম্পর্কে মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ ও দপ্তর/সংস্থার প্রধানগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে যথাসম্ভব তথ্য-প্রযুক্তি ব্যবহার করে নিম্নবর্ণিত কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | কর্মসূচি | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | **১৮/১০/২০২২ তারিখ সকাল ৯:৪৫ ঘটিকায়** নৌপরিবহন মন্ত্রণালয় এবং ঢাকাস্থ সকল দপ্তর-সংস্থার অংশগ্রহণে শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। | নৌপরিবহন মন্ত্রণালয় ও বিআইডব্লিউটিসি |
| ২. | নৌপরিবহন মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং দপ্তর-সংস্থাসমূহের প্রধানগণের অংশগ্রহণে দিবসের প্রতিপাদ্যকে কেন্দ্র করে **১৮/১০/২০২২ তারিখ ১০:০০ টায় বিআইডব্লিউটিসি'র সভাকক্ষে আলোচনা সভার আয়োজন।** | নৌপরিবহন মন্ত্রণালয়, বিআইডব্লিউটিসি ও সকল দপ্তর সংস্থা |
| ৩. | সদরঘাটে শেখ রাসেল এর ছবি সম্বলিত ব্যানার স্থাপন এবং আশে-পাশের দুস্থ, অসহায় ও পথশিশুদের মাঝে খাবার বিতরণ, শিশুদের মাঝে কুইজ, চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন। দিবসের তাৎপর্য/প্রতিপাদ্য প্রকাশ করে এরূপ ব্যানার-ফেস্টুন প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ। | বিআইডব্লিউটিএ |
| ৪. | মোংলা বন্দর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ জাতীয় কর্মসূচির আলোকে দিবসটি পালনের জন্য শেখ রাসেল দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ কুইজ, রচনা প্রতিযোগিতা ও আলোচনা সভার আয়োজন। | মোংলা বন্দর কর্তৃপক্ষ |
| ৫. | (ক) সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের মসজিদসমূহে বাদ যোহর বিশেষ মোনাজাত ও দোয়া মাহফিলের আয়োজন।<br>(খ) অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনার আয়োজন।<br>(গ) শেখ রাসেল এর ছবিসহ ব্যানার স্থাপন।<br>(ঘ) চবক কর্তৃক পরিচালিত শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ অনলাইন রচনা, কুইজ এবং ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন। | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ |
| ৬. | (ক) প্রধান কার্যালয়ে বাদ যোহর দোয়া মাহফিলের আয়োজন।<br>(খ) যাত্রাবাহী জলযানে পারাপাররত সকল শিশুদের উপঢৌকন হিসেবে চকলেট প্রদান।<br>(গ) প্রধান কার্যালয়ে এতদবিষয়ে ব্যানার প্রদর্শন। | বিআইডব্লিউটিসি |

| | | |
|---|---|---|
| ৭. | শেখ রাসেল দিবস উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা, বৃক্ষরোপণসহ শেখ রাসেল এর প্রতিকৃতিতে অভিবাদন প্রদানের কার্যক্রম গ্রহণ, মিলাদ মাহফিলের আয়োজন। | ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট |
| ৮. | শেখ রাসেল দিবস উপলক্ষ্যে শেখ রাসেলের ছবি সম্বলিত ব্যানার প্রদর্শন, মিলাদ মাহফিল ও আলোচনা সভার আয়োজন। | পাবক, জানরক, নৌপরিবহন অধিদপ্তর, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর |
| ৯. | শেখ রাসেল দিবস উপলক্ষ্যে শেখ রাসেলের ছবি সম্বলিত ব্যানার প্রদর্শন, মিলাদ মাহফিলের আয়োজন। | বাংলাদেশ শিপিং কর্পোরেশন |
| ১০. | শেখ রাসেল দিবস উপলক্ষ্যে শেখ রাসেলের ছবি সম্বলিত ব্যানার প্রদর্শন, মিলাদ মাহফিল, আলোচনা সভার আয়োজন। | বাংলাদেশ মেরিন একাডেমী, বরিশাল, রংপুর, সিলেট ও পাবনা |
| ১১. | (ক) শেখ রাসেল দিবস উপলক্ষে আলোকসজ্জা বর্জন করতে হবে।<br>(খ) অফিস সময়ের আগে/পরে সকল অনুষ্ঠান আয়োজন করতে হবে।<br>(গ) খাবার পরিবেশনের ক্ষেত্রে এতিম শিশুদের অগ্রাধিকার দিতে হবে।<br>(ঘ) নির্ধারিত আকারের পুষ্পস্তবক অর্পন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |

সভাপতি দিবসটির যথাযোগ্য মর্যাদা অক্ষুন্ন রেখে পালনের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
১৩/১০/২০২২
মো: মোস্তফা কামাল
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়।

নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০০২.১৯-

তারিখঃ ৩১ আশ্বিন, ১৪২৯ বঙ্গা:
১৬ অক্টোবর, ২০২২খ্রি:

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:</u>**

১। অতিরিক্ত সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। চেয়ারম্যান, জানরক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/চবক/মোবক/পাবক/বান্থবক।
৩। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৫। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপসচিব(সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৮। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম/বরিশাল/পাবনা/রংপুর/সিলেট।
৯। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
১০। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
১১। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব(সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৬/১০/২০২২

এস এম হুমায়ুন কবির সরকার
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৬৩৬
sas.admin1@mos.gov.bd